যুগান্তর

তারিখ ... 18 JUL 2013 ...
পৃষ্ঠা 2 কলাম 8

সেনাবাহিনী-বাউবি শিক্ষা সমঝোতা স্মারক চুক্তি স্বাক্ষর

বাংলাদেশ সেনাবাহিনীর রিক্রুট/প্রশিক্ষণার্থী সৈনিকদের জন্য এইচএসসি শিক্ষা কার্যক্রম পরিচালনার লক্ষ্যে গতকাল ঢাকা সেনানিবাসের অফিসার্স মেস-সি তে এক অনাড়ম্বর অনুষ্ঠানে সেনাবাহিনীর সঙ্গে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের সমঝোতা স্মারক চুক্তি স্বাক্ষরিত হয়। সেনাবাহিনীর পক্ষে ব্রিগেডিয়ার জেনারেল এওএএ মুশফিকুর রহমান, পরিচালক শিক্ষা পরিদপ্তর, বাউবির পক্ষে, প্রো-ভিসি ও ট্রেজারার (অতিরিক্ত দায়িত্ব) প্রফেসর ড. খোন্দকার মোকাদ্দেম হোসেন এ চুক্তিপত্রে স্বাক্ষর করেন। সমঝোতা স্মারক চুক্তির আলোকে দেশের বিভিন্ন স্থানে অবস্থিত ১০টি সেনা রিক্রুট সেন্টারে ২০১৪ সালে ১০টি ও পরবর্তী বছরে আরও ৫টি স্টাডি সেন্টার চালু করা হবে। রিক্রুট প্রশিক্ষণার্থী সৈনিকরা দুই বছর প্রশিক্ষণকালীন শিক্ষার্থী হিসেবে এইচএসসি প্রোগ্রামের সনদপত্র অর্জন করতে পারবেন। চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে মেজর জেনারেল আবুল কালাম মোহাম্মদ হুমায়ুন কবির, জিওসি, আর্মি ট্রেনিং অ্যান্ড ডকট্রিন কমান্ড, কর্নেল এহতেশাম-উল-সামাদ চৌধুরী এবং বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. এমএ সাত্তার, ওপেন স্কুলের শিক্ষকবৃন্দসহ বিশ্ববিদ্যালয়ের ডিন ও পরিচালকবৃন্দ উপস্থিত ছিলেন। সংবাদ বিজ্ঞপ্তি।